

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)
পরিচ্ছেদঃ সুরা ফাতিহা কুর'আনের অন্যতম শ্রেষ্ঠ সুরা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ فَاتِحَةَ الْكِتَابِ مِنْ أَفْضَلِ القرآن

## আরবী

771 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ آدَمَ غُنْدَرٌ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ الْحَمِيدِ الْمُعْنِيُّ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ: كَانَ النَّبِيُّ طَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسِيرٍ فَنَزَلَ فَمَشَى رَجُلٌ مِنْ أَصِحَابِهِ إِلَى جَانِبِهِ فَالْتَفَتَ إِلَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسِيرٍ فَنَزَلَ فَمَشَى رَجُلٌ مِنْ أَصِحَابِهِ إِلَى جَانِبِهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ وَسَلَّمَ فِي مَسِيرٍ فَنَزَلَ فَمَشَى رَجُلُ مِنْ أَصِحْدَابِهِ إِلَى جَانِبِهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ وَسَلَّمَ فِي مَسِيرٍ فَنَزَلَ فَمَشَى رَجُلُ مِنْ أَصِحْدَابِهِ إِلَى جَانِبِهِ فَالْتَفَتَ إِلَيْهِ فَالْتَفَتَ إِلَيْهِ وَسَلَّمَ فِي مَسِيرٍ فَنَزَلَ فَمَشَى رَجُلُ مِنْ أَصِحْدَابِهِ إِلَى جَانِبِهِ فَالْتَفَتَ إِلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ} [الفاتحة: (أَلَا أُخْبِرُكَ بِأَفْضَلَ الْقُرْآنِ)؟ قَالَ: فَتَلَا عَلَيْهِ {الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ}

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَلَا أُخْبِرُكَ بِأَفْضَلِ الْقُرْآنِ) أَرَادَ بِهِ: بِأَفْضَلَ الْقُرْآنِ لَكُ لَا أَنَّ بَعْضَ الْقُرْآنِ يَكُونَ أَفْضَلَ مِنْ بَعْضٍ لِأَنَّ كَلَامَ اللَّهِ يَسْتَحِيلُ أَنْ يَكُونَ فِيهِ تَفَاوُتُ التَّفَاضُلِ.

الراوي: أُنَس بْن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 771 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৭৭১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক সফরে ছিলেন, তিনি সফরে এক সময় যাত্রাবিরতি দিলেন। তখন তাঁর এক সাহাবী হেঁটে তাঁর পাশে আসলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, "আমি কি তোমাকে কুর'আনের শ্রেষ্ঠ সূরা সম্পর্কে খবর দিবো না?" রাবী বলেন, "অতঃপর তিন তাকে পড়ে শুনালেন, "সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগৎসমূহের প্রতিপালক।" (সূরা আল ফাতিহা: ১)[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "আমি কি



তোমাকে কুর'আনের শ্রেষ্ঠ সূরা সম্পর্কে খবর দিবো না?"এর দ্বারা উদ্দেশ্য হলো 'তোমার জন্য শ্রেষ্ঠ সূরা'; এটি উদ্দেশ্য নয় যে, কুর'আনের একাংশ অপরাংশ অপেক্ষা শ্রেষ্ঠ। কেননা আল্লাহর কালামের মাঝে মর্যাদাগত তারতম্য থাকা সম্ভব নয়।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৭৭১।

আল্লামা শুআইব আল আরনাউত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২১৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন